প্যাডেল ছেড়ে ব্যাটারিতে: পরিবর্তনের পথে ঢাকার রিকশা

ঢাকার রিকশার সংকট ও সম্ভাবনা

INNOVISION Consulting-এর একটি গবেষণা

বর্তমানে ঢাকার অলিগলি থেকে শুরু করে প্রধান সড়ক—সবজায়গাতেই ব্যাটারি চালিত রিকশা আধিপত্য। সাধারণভাবে "বাংলা টেসলা" নামে পরিচিত হলেও, এটি এখন রাজধানীর স্বল্প দূরত্বের চলাচলের প্রধান বাহন হয়ে দাঁড়িয়েছে। তবে এর সংখ্যা দ্রুত বাড়ার সাথে সাথে যানজট, সড়কের নিরাপত্তা, চালকদের কর্মসংস্থান এবং আইনি নিয়ন্ত্রণ নিয়ে জনমনে তৈরি হয়েছে মিশ্র প্রতিক্রিয়া ও নানা বিতর্ক।

এই পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন যৌথভাবে বুয়েট (BUET) অনুমোদিত ব্যাটারি রিকশার একটি পাইলট প্রকল্প চালু করেছে। সরকারের এই উদ্যোগ ইঙ্গিত দিচ্ছে যে, যথাযথ নিয়ন্ত্রণ ও নীতিমালার আওতায় ব্যাটারি রিকশাগুলোকে খুব শীঘ্রই একটি আনুষ্ঠানিক রূপ দেওয়া হতে পারে।

INNOVISION Consulting- এর এই গবেষণার প্রধান উদ্দেশ্য ছিল, এই পরিবর্তনের পেছনের আসল গল্প ও আনুষাঙ্গিক বিষয়গুলো তথ্য-উপাত্তের মাধ্যমে তুলে ধরা। এছাড়াও, কেন মানুষ এত দ্রুত এই যানের দিকে ঝুঁকছে? চালক, যাত্রী এবং গ্যারেজ মালিকদের জীবনে এর প্রভাব কতটা গভীর? এ সম্পর্কিত বাস্তব চিত্র ও সমাধানের পথ খুঁজে বের করা।

এসব প্রশ্নের উত্তর খুঁজতে INNOVISION Consulting ঢাকা শহরের ওপর একটি বিস্তারিত গবেষণা পরিচালনা করেছে। ঢাকার পরিবহন খাতের এই বিশাল পরিবর্তনের সঠিক চিত্র এবং ভবিষ্যৎ পরিকল্পনা বুঝতে আমাদের এই গবেষণাটি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

গবেষণার স্যাম্পল

৩৮৪ রিচকশা চালক | ৩৯২ যাত্রী | ৬৩ গ্যারেজ মালিক

INNOVISION
Research | Technical Assistance | Project Management

গবেষণার মূল ফলাফল (ব্যাটারি রিকশা বনাম প্যাডেল রিকশা)

রিকশা পরিচালনা এখনো মূলত নিয়ন্ত্রণহীন

৯৭.৪০% ব্যাটারি রিকশা নিবন্ধিত নয়

৮৫.৯৪% প্যাডেল রিকশা নিবন্ধিত নয়

ব্যাটারি রিকশা তরুণ ড্রাইভারদের আকর্ষণ করছে

গড় বয়স

ব্যাটারি চালক **৩৮ বছর**

প্যাডেল চালক **৪২ বছর**

গড় অভিজ্ঞতা

ব্যাটারি চালক **২.৫ বছর**

প্যাডেল চালক **১৫ বছর**

৭৫% ব্যাটারি রিকশাচালক এই পেশায় নতুন

রিকশা চালকদের ব্যাটারি রিকশা চালানোর সামর্থ্য নেই

ভাড়ায় চলিত রিকশার পরিমাণ

ব্যাটারি **৭৯%**

প্যাডেল **৬৫%**

রিকশা ক্রয়ের গড় খরচ

ব্যাটারি **৳৮৩,১৯৪**

প্যাডেল **৳৯,২৩৭**

ব্যাটারি চালকরা মাইক্রোফাইন্যান্স এর উপর বেশি নির্ভর করে

৫৯.৭০% ব্যাটারি চালকরা মাইক্রোফাইন্যান্স ব্যবহার করে

৬০% প্যাডেল চালকরা ব্যক্তিগত সঞ্চয় ব্যবহার করে

ব্যাটারি চালকদের ঋণের বোঝা বেশি

গড় ঋণের পরিমাণ

ব্যাটারি চালকঃ **৳৭৯,৯২৭**

প্যাডেল চালকঃ **৳১৮,৬৫৪**

ব্যাটারি রিকশায় দিনে বেশি কাজ সম্ভব

ব্যাটারি চালকরা প্রতিদিন ৩১-৫০ ট্রিপ সম্পূর্ণ করে

ব্যাটারি চালক **৩৯.২৫%**

প্যাডেল চালক **১২.৫৭%**

ভাড়াকৃত রিকশার তুলনায় প্যাডেল রিকশায় আয় বেশি এবং নিজস্ব রিকশার তুলনায় ব্যাটারি রিকশায় আয় বেশি

গড় দৈনিক নিট আয় (ভাড়া চালিত রিকশা)

ব্যাটারি **৳৪১৮**

প্যাডেল **৳৪৮৪**

গড় দৈনিক নিট আয় (নিজস্ব মালিকানাধীন রিকশা)

ব্যাটারি **৳৯৭০**

প্যাডেল **৳৫৩০**

চালকরা রিকশা কে একটি অস্থায়ী জীবিকার মাধ্যম হিসেবে দেখে।

৬৮% ব্যাটারি রিকশা চালকরা (২৬-৩৫) গাড়ী বা সিএনজি চালক হতে চায়

৬০.৫৬% প্যাডেল রিকশা চালকরা (৩৬–৪৫) ব্যাটারি রিকশা চালক হতে চায়

INNOVISION
Research | Technical Assistance | Project Management

যাত্রীদের দৃষ্টিভঙ্গি

রিকশা মধ্যম আয়ের পরিবারের স্বল্প দূরত্বের যাত্রায় সেবা দেয়

৬৩%
যাত্রী আয় করে
৳ ২০,০০১–৫০,০০০/মাস

যাত্রীদের কাছে প্যাডেল রিকশার তুলনায় ব্যাটারি রিকশা দ্রুততর, সস্তা এবং সহজলভ্য

দৈনিক গড় খরচ

ব্যাটারি
৳১০৭.৭৩

প্যাডেল
৳১৩৪.৮৭

৮২% যাত্রী দ্রুত যাতায়াতের জন্য ব্যাটারি রিকশা বেছে নেয়

ব্যাটারি রিকশায় দুর্ঘটনার ঝুঁকি বেশি

দুর্ঘটনার কথা উল্লেখ করেছে
ব্যাটারি: **৩০%**
প্যাডেল: **১৮%**

গুরুতর থেকে খুব গুরুতর আঘাত
ব্যাটারি: : **৪৪.৪৫%**
প্যাডেল: : **২৯.৬০%**

যাত্রীরা যানজটের কারণ হিসেবে ব্যাটারি রিকশাকেই দায়ী মনে করে

ব্যাটারি রিকশা **৬২%**

প্যাডেল রিকশা **৩৪%**

উভয় **৪%**

ব্যাটারি রিকশা নিয়ন্ত্রণের জন্য জনগণের জোরালো দাবি রয়েছে

৫৬.৬০%
কঠোর নিয়ন্ত্রণের পক্ষে

২২.৭০%
কঠোর নিয়ন্ত্রণের পক্ষে কিছুটা সমর্থন করেন

২১.৯০%
সমর্থন করেন সম্পূর্ণ নিষেধাজ্ঞা

৩৩.৯৩%
ব্যাটারিচালিত রিকশা শুধু সেকেন্ডারি সড়কে চলবে

গ্যারেজ মালিকের মতামত

গ্যারেজ মালিকরা অর্থনৈতিকভাবে রিকশার ওপর নির্ভরশীল

৮৬%
শুধুমাত্র রিকশা ভাড়ার উপর নির্ভর করে

৮১%
প্যাডেল রিকশা দিয়ে ব্যবসা শুরু করে

৩৫%
মালিক তাদের প্যাডেল রিকশা ব্যাটারি রিকশায় রূপান্তরিত করেছে

৬২%
ব্যাটারি রিকশা পছন্দ করে

উচ্চ রক্ষণাবেক্ষণ খরচ বড় সমস্যা।

বারবার মেরামতের প্রয়োজন:
৩৩.৩৩%

ব্যাটারি রিকশা পরিচালনায় উচ্চ রক্ষণাবেক্ষণ খরচ একটি বড় সমস্যা:
৩০.১৬%

৫৪%
বর্তমান ব্যবসা চালিয়ে যেতে চায়

৪৬%
ব্যাটারি, রাইড-হেইলিং ও সিএনজিতে বিনিয়োগে আগ্রহী

Research | Technical Assistance | Project Management

গবেষণা থেকে উঠে আসা নীতিগত দিকনির্দেশনা

ব্যাটারি রিকশার নকশা মানসম্মতকরণ	নতুন ব্যাটারি রিকশার লাইসেন্সিং নিয়ন্ত্রণ	প্যাডেল থেকে ব্যাটারি রিকশা তে রূপান্তরে সাশ্রয়ী ক্ষুদ্র ঋণের সুবিধা প্রদান
ব্যাটারি রিকশা তে আনুষ্ঠানিক খাতে উদ্যোক্তাদের আনার ব্যাপারে উদ্বুদ্ধকরণ	প্রশিক্ষণ এবং ট্রাফিক সচেতনতা প্রদানের মাধ্যমে দুর্ঘটনা ও যানজট কমিয়ে আনা	স্বল্প দূরত্বে চলাচলের জন্য বিকল্প পরিবহন ব্যবস্থা গড়ে তোলা

INNOVISION সম্পর্কে

INNOVISION Consulting একটি আন্তর্জাতিক পরামর্শক এবং ব্যবস্থাপনা প্রতিষ্ঠান। ২০০৮ সালে আমাদের যাত্রার শুরু থেকেই আমরা বিশ্বের বাণিজ্য, বিনিয়োগ, অর্থায়ন এবং আর্থ-সামাজিক ব্যবস্থার ইতিবাচক পরিবর্তনে কাজ করেছি। গবেষণা, কারিগরি সহায়তা এবং প্রকল্প ব্যবস্থাপনার মাধ্যমে সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান, বহুজাতিক সংস্থা এবং ডেভেলপমেন্ট পার্টনারদের উদ্দেশ্যে কার্যকর ও টেকসই সমাধান তৈরি, বিভিন্ন বৈশ্বিক বাধাগুলো চিহ্নিত করে একটি অন্তর্ভুক্তিমূলক বাজার, ন্যায়সঙ্গত বাণিজ্য এবং সবার জন্য সমৃদ্ধি নিশ্চিত করাই আমাদের প্রধান লক্ষ্য। আমরা বৈশ্বিক উন্নয়নে South-South এবং South-North এর মাঝে সহযোগিতার সেতুবন্ধন হিসেবে কাজ করে চলেছি।

যোগাযোগ: মো: রুবাইয়াত সারওয়ার ব্যবস্থাপনা পরিচালক, INNOVISION
মোবাইল: +৮৮০ ১৮১৯৪৯৯৪৭৫
ইমেইল: rubaiyath.sarwar@innovision-bd.com
ঠিকানা: অ্যালায়েন্স বিল্ডিং (৩য় তলা), ৬৩/কা, প্রগতি সরণি, বারিধারা, ঢাকা–১২১২